দৈনিক সংবাদ

৪১।

তারিখ 13 FEB 1989
পৃষ্ঠা 4 কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## প্রাথমিক বিদ্যালয়ের বিজ্ঞান শিক্ষা

আমাদের দেশে অর্ধ লাখের মত প্রাথমিক বিদ্যালয় এবং এগুলোতে প্রায় দু'লাখের মত শিক্ষক নিয়োজিত রয়েছেন। প্রাথমিক শিক্ষাক্রমের আওতায় আনা হয়েছে 'বিজ্ঞান শিক্ষা', যা কোমলমতি শিশু শিক্ষার্থীদের কাছে উপস্থাপিত হয়েছে 'পরিবেশ পরিচিতি' হিসেবে এবং এ বিষয়টিকে প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে সমাজ বিজ্ঞানের সাথে, আবার ৩য় হতে ৫ম শ্রেণীতে পরিবেশ পরিচিতি (বিজ্ঞান)--এভাবে একটি স্বতন্ত্র সাবজেক্ট হিসাবে পৃথক করা হয়েছে। কিন্তু প্রাথমিক বিদ্যালয়গুলোতে বিজ্ঞান পাঠদানের জন্য নির্দিষ্ট কোন শিক্ষক নেই। শিক্ষক নিয়োগ বিধিতে বিজ্ঞান শিক্ষক নিয়োগের কোন ব্যবস্থাও অদ্যাবধি পরিলক্ষিত হয়নি। কোন এলাকার কোন বিদ্যালয়ে কোন বিজ্ঞান শিক্ষক অমাবস্যার চাঁদের মত পাওয়া গেলেও তারা বিজ্ঞান শিক্ষায় প্রশিক্ষিত নন। ঐ সব শিক্ষকের প্রশিক্ষণ গ্রহণের সদিচ্ছা থাকলেও নিজের প্রচেষ্টায় তা কোনক্রমেই সম্ভব হয়ে ওঠে না। এ জন্য তাঁরা দায়ী নন, দায়ী আমাদের শিক্ষাব্যবস্থা।

এসব কারণে প্রকৃত ও বাস্তবমুখী বিজ্ঞান শিক্ষা হতে বঞ্চিত কোমলমতি এ শিশুদের অবস্থাটা এমন হয়ে যায় যে, তারা মাধ্যমিক পর্যায়ে পাঠ গ্রহণের সময় তথা ৬ষ্ঠ/৭ম শ্রেণীতে বিজ্ঞান ক্লাসে রীতিমত ঘাবড়ে যায়। বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে এরূপ স্থবির অবস্থা মোটেই কাম্য হতে পারে না। তাই বিজ্ঞান শিক্ষাকে বাস্তবমুখী ও ফলপ্রসূ করে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অধিদপ্তর ও মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

কমলেশ ধর বুলবুল,
শিক্ষা ও গবেষণা সম্পাদক,
জাতীয় পত্রলেখক সংঘ, চট্টগ্রাম